তারিখ ........................
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১-৬ ...

# ধর্মঘট : রাবি খুললেও প্রশাসনিক ভবনসহ সব অফিসে তালা ঝুলছে

**রাজশাহী ও রাবি প্রতিনিধি**

এক মাস অনির্ধারিতভাবে বন্ধ থাকার পর মঙ্গলবার রাজশাহী বিশ্ববিদ্যালয় খুললেও সর্বদলীয় ছাত্রঐক্যের ব্যানারে ইসলামী ছাত্রশিবির ও ছাত্রদলের ধর্মঘটের কারণে নতুন করে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। এতদিন ক্লাস বন্ধ থাকলেও গতকাল থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনসহ সব অফিসে তালা ঝুলছে। এই ধর্মঘট বৃহস্পতিবার পর্যন্ত চলার কথা।

গতকাল দিনভর বিশ্ববিদ্যালয় এলাকায় ধর্মঘট আহ্বানকারীদের কোন তৎপরতা ছিল না। ক্যাম্পাসে বিপুলসংখ্যক পুলিশের উপস্থিতি সত্ত্বেও 'বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্বতঃস্ফূর্তভাবে ধর্মঘট পালন করেছে। প্রশাসনিক কিংবা একাডেমিক ভবন এলাকায় উল্লেখযোগ্য কোন কর্মকর্তা বা শিক্ষককে দেখা যায়নি। তবে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের (বা-অ) উদ্যোগে বেলা ১১টার দিকে ক্যাম্পাসে ধর্মঘটবিরোধী একটি মিছিল হয়। পরে এক সমাবেশে বলা হয়, ছাত্রশিবির ও ছাত্রদল বিনা কারণে ধর্মঘট ডেকে বিশ্ববিদ্যালয়ে নতুন করে অচলাবস্থার সৃষ্টি করেছে। বক্তারা বিশ্ববিদ্যালয় চালু রাখার জন্য প্রশাসনের কার্যকর পদক্ষেপ এবং গত ১৬ ফেব্রুয়ারির সন্ত্রাসী তাণ্ডব ও ধ্বংসযজ্ঞে সংশ্লিষ্ট ছাত্রশিবিরের নেতা-কর্মীদের গ্রেফতার এবং বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার দাবি করেন। সমাবেশে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আহসানুল হক পিন্টু, কামরুজ্জামান উজ্জ্বল, আবদুল হান্নান, কামরুজ্জামান চঞ্চল, রাশেদুল কবির জেহাদ প্রমুখ বক্তৃতা করেন।

### যে কারণে হরতাল

বিশ্ববিদ্যালয় ছাত্রদের নিরাপত্তা, ক্ষতিগ্রস্ত ছাত্র ও গ্রামবাসীকে ক্ষতিপূরণ এবং ছাত্রশিবির নেতা-কর্মীদের নামে দায়ের করা মামলা প্রত্যাহার দাবিতে সর্বদলীয় ছাত্রঐক্যের ব্যানারে ছাত্রশিবির ও ছাত্রদল মঙ্গলবার থেকে ক্যাম্পাসে তিন দিনব্যাপী ধর্মঘট ডেকেছে। প্রাথমিকভাবে এই ধর্মঘট ২২ মার্চ পর্যন্ত ডাকা হলেও তা আরও বৃদ্ধি করা হবে এমন শোনা যাচ্ছে। ঐক্যের নেতারা বলেছেন, দাবি বাস্তবায়ন না হলে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট ডাকা হবে। এই কর্মসূচির প্রতি স্থানীয় বিএনপি ও জামায়াত সমর্থন দিয়েছে।

এদিকে আওয়ামী লীগ, ১১ দল এবং ছাত্রলীগসহ (বা-অ) বিভিন্ন সংগঠন বিশ্ববিদ্যালয় চালু রেখে সব সমস্যার সমাধান দাবি করেছে।

### হলগুলো ফাঁকা

বিশ্ববিদ্যালয়ের হলগুলোয় অল্পসংখ্যক ছাত্রছাত্রী ফিরেছে। অধিকাংশ হলে ফিরে আসা ছাত্রসংখ্যা একশ'র বেশি হবে না।

### গ্রেফতার ১

মতিহার থানা পুলিশ সোমবার রাতে মাদার বখশ হল থেকে আবদুস সাত্তার (ইসলামিক স্টাডিজ বিভাগ) নামে এক ছাত্রশিবির কর্মীকে গ্রেফতার করেছে। [illegible] একই রাতে বিশ্ববিদ্যালয় সংল[illegible] বিভিন্ন মেসে তল্লাশি চালিয়েছে। তা[illegible] কেউ গ্রেফতার হয়নি।